

# মোমের শিশুরা

Southern African Folktale
Wiehan de Jager
Asma Afreen
Bengali
Level 2



একদা সেখানে একটি সুখী পরিবার বাস করত।



তারা কখনো একে অপরের সাথে লড়াই করত না। তারা তাদের বাবা-মাকে ঘরে এবং ক্ষেতে সাহায্য করত।



কিন্তু তাদের আগুনের কাছাকাছি যাওয়ার অনুমতি ছিল না।



তাদের সব কাজ রাতে করতে হত। কারণ
তারা মোমের তৈরি ছিল!



কিন্তু ছেলেদের মধ্যে একজনের সূর্যালোকে বাহিরে যাওয়ার আকাঙ্ক্ষা ছিল।



একদিন আকাঙ্ক্ষা অনেক তীব্র হল। তার ভাইয়েরা তাকে সতর্ক করেছিল...



কিন্তু অনেক দেরী হয়ে গেল! সে সূর্যের তাপে গলে গেল।



মোমের শিশুরা তাদের ভাইয়ের গলে যাওয়া দেখে খুব কষ্ট পেল।



কিন্তু তারা একটি পরিকল্পনা করল। তারা গলিত মোমের পিণ্ডকে একটি পাখির আকৃতি দিল।



তারা তাদের পাখি ভাইকে একটি উঁচু পাহাড়ের উপরে নিয়ে গেল।



এবং সূর্যোদয়ের সাথে সাথে সে ভোরের আলোতে গান গেয়ে উড়ে গেল।

# Storybooks Canada

storybookscanada.ca

## মোমের শিশুরা

Written by: Southern African Folktale
Illustrated by: Wiehan de Jager
Translated by: Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.

This work is licensed under a Creative Commons Attribution 3.0 International License.